**ঋণ ও অগ্রিম বিভাগ**

সূত্র নং-২/২০/২২৫ (অংশ-১)/ ৮৬৭২ তারিখ : ১৬-০৩-২০২৫

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

**বিষয় : আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতির অনুকূলে ঋণ প্রদানের খসড়া ঋণ নীতিমালা মাঠ পর্যায়ে জরিপ প্রসংগে।**

প্রিয় মহোদয়,
সারাদেশে বাংলাদেশ আনসার ও ভিডিপি'র আনুমানিক ৫০০টি ক্লাব/সমিতি সক্রিয় রয়েছে। এসব ক্লাব/সমিতির সদস্যদের মৌলিক প্রশিক্ষণ ছাড়াও পেশাভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ রয়েছে। এসব ক্লাব/সমিতির সদস্যগণ নিজেদের স্বল্প পুঁজিতে ক্ষুদ্র পরিসরে বিভিন্ন উৎপাদনমুখী প্রকল্প বাস্তবায়ন করে থাকেন। কিন্তু মুলধন স্বল্পতার কারনে তাদের প্রকল্পের পরিসর বৃদ্ধি করতে সক্ষম হয় না। তাদের মূলধনের চাহিদা রয়েছে। তাই ক্লাব/ সমিতিভুক্ত সদস্য/সদস্যাদের মধ্যে ঘনিষ্ঠ ও হৃদ্যতাপূর্ণ সম্পর্ক তৈরি, উন্নয়নমূলক প্রকল্পের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন, কর্মসংস্থান ও আর্থিক সক্ষমতা সৃষ্টি, সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার উদ্দেশ্যে ক্লাবভুক্ত সদস্যদের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে সম্পৃক্ত করার লক্ষ্যে অত্র ব্যাংক হতে "আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতি" এর অনুকূলে ঋণ প্রদানের উদ্দেশ্যে খসড়া ঋণনীতিমালা প্রস্তুত করা হয়েছে।

২। ক্লাব/সমিতির বিভিন্ন প্রকল্পের খাত বাস্তবভিত্তিক বিশ্লেষণ করে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতি এর অনুকূলে ঋণ প্রদানের খসড়া নীতিমালাটি যাচাইকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ে জরিপের প্রয়োজন।

৩। এমতাবস্থায়, আঞ্চলিক ব্যবস্থাপকগণ সংশ্লিস্ট জেলা কমান্ড্যান্টের সহযোগিতায় সংশ্লিস্ট শাখা ব্যবস্থাপক, সংশ্লিস্ট উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সংশ্লিস্ট ইউনিয়ন দলনেতা/দলনেত্রী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতির প্রতিনিধির সহিত খসড়া ঋণনীতিমালাটির বিষয়ে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করে মত বিনিময় করবেন।

- প্রত্যেক অঞ্চল হতে কমপক্ষে ০১ (এক) টি সভা আয়োজন করতে হবে। প্রয়োজনে একাধিক সভা আয়োজন করা যেতে পারে।
- সভা আয়োজনের ক্ষেত্রে যে সকল উপজেলায় ব্যাংকের শাখা রয়েছে সে সকল উপজেলাকে বিবেচনায় নিতে হবে।

৪। উক্ত মতবিনিময় সভার রেজুলেশন ও প্রাপ্ত সুপারিশসমূহ অত্র বিভাগে আগামী ১০/০৪/২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক।

অনুমোদনক্রমে,

১৬.০৩.২০২৫
জি.এম.হাফিজুর রহমান
বিভাগ প্রধান
টেলিফোন : ০২ - ২২২২২৬০২৩
Email : avublad@gmail.com

সূত্র নং- ২/২০/২২৫ (অংশ-১)/ ৮৬৭২ তারিখ : ১৬-০৩-২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পরিচালক (অপারেশনস্), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা **(জেলা কমান্ড্যান্টগণকে এ ব্যাপারে পরামর্শ প্রদানের অনুরোধ করা হলো)** ।
২। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে ব্যাংকের ওয়েবসাইটে এবং AVUB Archival System এ প্রদর্শনের অনুরোধসহ)।
৬। নথি/মহানথি।

১৬.০৩.২০২৫
মোঃ নুরুল্লাহ
প্রিন্সিপাল অফিসার

খসড়া নীতিমালা

**আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা**

**ঋণ ও অগ্রিম বিভাগ**

**বিবেচ্য বিষয় : আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতির অনুকূলে ঋণ প্রদানের খসড়া নীতিমালা ।**

সারাদেশে বাংলাদেশ আনসার ও ভিডিপি'র আনুমানিক ৫০০টি ক্লাব/সমিতি সক্রিয় রয়েছে। এসব ক্লাব/সমিতির সদস্যদের মৌলিক প্রশিক্ষণ ছাড়াও পেশাভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ রয়েছে। এসব ক্লাব/সমিতি নিজেদের স্বল্প পুঁজিতে ক্ষুদ্র পরিসরে বিভিন্ন উৎপাদনমুখী প্রকল্প বাস্তবায়ন করে থাকেন। এসব ক্লাব/সমিতি মুলধন স্বল্পতার কারনে তাদের প্রকল্পের পরিসর বৃদ্ধি করতে সক্ষম হয় না। তাদের মূলধনের চাহিদা রয়েছে। তাই ক্লাব/ সমিতিভুক্ত সদস্য/সদস্যাদের মধ্যে ঘনিষ্ঠ ও হৃদ্যতাপূর্ণ সম্পর্ক তৈরি, উন্নয়নমূলক প্রকল্পের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন, কর্মসংস্থান ও আর্থিক সক্ষমতা সৃষ্টি, সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার উদ্দেশ্যে ক্লাবভুক্ত সদস্যদের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে সম্পৃক্ত করার লক্ষ্যে "আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতি" এর অনুকূলে ঋণ প্রদানের নীতিমালা জারি করা প্রয়োজন।

০২. কর্মসূচির নাম : আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতির অনুকূলে ঋণ প্রদানের নীতিমালা।

০৩. তহবিলের উৎস : নিজস্ব তহবিল।

০৪. ঋণের উদ্দেশ্য :

ক. আনসার ও ভিডিপি ক্লাব/সমিতির মাধ্যমে আয়-উৎসারী প্রকল্প বাস্তবায়ন এবং ক্লাব সমিতির সদস্যদের আত্মকর্মসংস্থান সৃষ্টি করা।
খ. উৎপাদন মুখী অর্থনৈতিক কর্মকান্ডকে উৎসাহিত করা।
গ. উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে সহযোগিতা করা।
ঘ. জিডিপিতে আনসার ও ভিডিপি সদস্যদের অবদান রাখা।
ঙ. দারিদ্র বিমোচনে সহায়তা করা।
চ. যোগ্য উদ্যোক্তা গড়ে তোলা।
ছ. আর্থিক সক্ষমতা সৃষ্টিতে সহায়তা করা।
জ. নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার দেওয়া

০৫. ঋণ প্রাপ্তির যোগ্যতা :

ক. সরকারী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ক্লাব/সমিতি নিবন্ধিত/ অনুমোদন প্রাপ্ত হতে হবে।
খ. ক্লাব/সমিতির নিজস্ব/ ভাড়া করা অফিস থাকতে হবে। নিজস্ব অফিস হলে তার মালিকানা সংক্রান্ত যাবতীয় দলিল ও খতিয়ানসহ অন্যান্য দলিলাদির সত্যায়িত ফটোকপি এবং ভাড়া হলে চুক্তিনামার সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
গ. নির্বাহী কমিটি, কার্যকরী কমিটি ও সাধারন কমিটি থাকতে হবে।
ঘ. সকল সদস্যকে ক্লাব/সমিতির সদস্য হতে হবে।
ঙ. সকল সদস্যকে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের শেয়ার হোল্ডার এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।
চ. সকল সদস্যকে ১৮ বছরের উর্ধ্বে বয়স হতে হবে এবং দেউলিয়া, মাদকাসক্ত, আদালত কর্তৃক অভিযুক্ত, উন্মাদ ও জড়বুদ্ধিসম্পন্ন নহেন এমন ব্যক্তি হতে হবে।
ছ. সকল সদস্যকে স্বাক্ষর জ্ঞান সম্পন্ন হতে হবে।
জ. সকল সদস্যকে শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে।
ঝ. প্রকল্প/ব্যবসার ট্রেড লাইসেন্স থাকতে হবে।
ঞ. ব্যাংক এবং ক্লাব/সমিতির ঋণ ও ইকুইটি সর্বনিম্ন ৭০:৩০ হতে হবে। প্রকল্পের স্থায়ী ব্যয়ের অনুন ৫% ইকুইটির অর্থ ক্লাব/সমিতির অত্র ব্যাংকে পরিচালিত চলতি হিসাবে জমা করতে হবে। জমাকৃত অর্থ ঋণ প্রস্তাব নিস্পত্তি না হওয়া পর্যন্ত জমা থাকবে। প্রকল্প ঋণ প্রস্তাব অনুমোদিত হলে উক্ত জমাকৃত অর্থ প্রকল্পে সম-মূলধন হিসাবে ব্যবহৃত হবে। অপরদিকে ঋণ প্রস্তাব অনুমোদিত না হলে তা ফেরত প্রদান করা যাবে।
ট. ক্লাব/ সমিতির নামে ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং বাধ্যতামূলক প্রত্যেক সদস্য/সদস্যাদেরকে প্রতি মাসে সর্বনিম্ন ১০০/- (একশত) টাকা করে জমা করতে হবে।
ঠ. ক্লাব/সমিতির কোন সদস্য/ সদস্যা ঋণ খেলাপী থাকলে ক্লাব/সমিতি ঋণ সুবিধার আওতাভুক্ত হবে না।

চলমান পাতা-০২

**বিবেচ্য বিষয় : আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতির অনুকূলে ঋণ প্রদানের খসড়া নীতিমালা।**

০৬. ঋণ সুপারিশকারী :
আভিকো সোসাইটি এবং সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক প্রকল্প পরিদর্শন করে তার সঠিকতা যাচাই করে প্রকল্পের বিপরীতে ঋণ প্রক্রিয়াকরণের সুপারিশ করবেন। অতঃপর ঋণ প্রস্তাবটিতে নিম্নলিখিতভাবে সুপারিশ করতে হবে:
ক. সংগঠনের : সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। (ঋণ আবেদন ফরম/সংগঠনের লেটার প্যাডে সুপারিশ)
খ. ব্যাংকের : সংশ্লিষ্ট শাখার ২য় কর্মকর্তা/ব্যবস্থাপক ।

০৭. গ্যারান্টার : সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এবং আভিকো সোসাইটি কর্তৃক ৩০০ টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে গ্যারান্টি প্রদান করতে হবে।

০৮. ঋণের খাত : টেবিল-১ অনুযায়ী খাতে।

০৯. ঋণ সীমা : সর্বোচ্চ ০১ (এক) কোটি টাকা।

১০. ঋণের মেয়াদ : প্রকল্পের ধরন অনুযায়ী ১২ (বার) মাস হতে সর্বোচ্চ ৬০ (ষাট) মাস পর্যন্ত।

১১. সুদের হার : ১৪% (পরিবর্তনযোগ্য) এবং প্রতি ০৩ (তিন) মাস অন্তর সুদ ধার্য হবে। তবে সিএমএসএমই এর আওতায় বিতরণকৃত ঋণগুলো মেয়াদের পূর্বে পরিশোধ করলে সুদহারে সাথে অতিরিক্ত ০.৫০% ফি পরিশোধ করতে হবে।

১২. ঋণের আবেদন : ব্যাংকের নির্ধারিত ঋণ আবেদন ফরম।

১৩. ঋণ মঞ্জুরীর ক্ষমতা : আলোচ্য ঋণ কর্মসূচির আওতায় ঋণ মঞ্জুরী ক্ষমতা নিম্নোক্তভাবে প্রয়োগ করা যাবে। তবে প্রত্যেকটি ঋণ মঞ্জুরীর পূর্বে অবশ্যই ঋণ প্রস্তাবটি ক্রেডিট কমিটি কর্তৃক সুপারিশকৃত হতে হবে।

| পদবী | সর্বোচ্চ ঋণ মঞ্জুরী ক্ষমতা (লক্ষ টাকায়) |
|---|---|
| ক) আঞ্চলিক ব্যবস্থাপক | ২০.০০ |
| খ) উপমহাব্যবস্থাপক/বিভাগ প্রধান (ঋণ ও অগ্রিম বিভাগ) | ৩০.০০ |
| গ) মহাব্যবস্থাপক, অপারেশন মহাবিভাগ | ৫০.০০ |
| ঘ) উপব্যবস্থাপনা পরিচালক | ৮০.০০ |
| ঙ) ব্যবস্থাপনা পরিচালক | ৮০.০০ লক্ষ টাকার উর্ধ্বে |

১৪. ঋণ বিতরণ পদ্ধতি : ক্লাব/সমিতির নামে এ ব্যাংকে একটি চলতি হিসাব চালু করতে হবে। মঞ্জুরীকৃত ঋণ এ ব্যাংকে পরিচালিত চলতি হিসাবের মাধ্যমে বিতরণ করা যাবে। তবে উক্ত নীতিমালার আওতায় ঋণ নিম্নোক্ত দুইভাবে বিতরণ করা যাবে।

i) সিএমএসএমই এর আওতায় অর্থায়ন (টেবিল-১ অনুযায়ী) : প্রকল্পের ধরণ, মেয়াদ, পরিমাণ বিবেচনায় নিয়ে মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কয়েকটি ধাপে ঋণ বিতরণ করতে হবে। প্রত্যেক ধাপের ঋণের সদ্ব্যবহার যাচাই সাপেক্ষে পরবর্তী ধাপের ঋণ বিতরণ করা যাবে।

ii) ব্যবসায় নগদ ঋণ/চলতি মুলধনএর আওতায় অর্থায়ন (টেবিল-২ অনুযায়ী): ক্লাব/সমিতির প্রকল্প পরিচালনার জন্য স্বল্প মেয়াদি (১ বছর মেয়াদি) নগদ ঋণ তার চলতি হিসাবের মাধ্যমে প্রদান করা যাবে।

১৫. ঋণ পরিশোধ পদ্ধতি : ক্লাব/সমিতির প্রকল্প হতে উৎপাদিত পণ্য ও বাজারজাতকরণ বিবেচনা করে ঋণ পরিশোধসূচি নির্ধারিত হবে। প্রযোজ্য ক্ষেত্রে গ্রেস পিরিয়ড বাদে মাসিক/ত্রৈমাসিক/ ষান্মাসিক ভিত্তিতে কিস্তি পরিশোধ করতে হবে। তবে ব্যবসায় নগদ ঋণ/চলতি মুলধনএর আওতায় ঋণ পরিশোধের ক্ষেত্রে টেবিল-২ অনুসৃত হবে।

১৬. ঋণ কর্মসূচির অধিক্ষেত্র : সংশ্লিষ্ট শাখার আওতাধীন এলাকা।

১৭. প্রয়োজনীয় দলিলাদির চেকলিস্ট :
ক. সংশ্লিষ্ট সরকারী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
খ. সমিতির অনুমোদিত লিখিত গঠনতন্ত্র।
গ. কার্যনির্বাহী কমিটির কপি (নাম, পিতার নাম, এন আই ডি, মোবাইল নম্বর, পেশা, ঠিকানাসহ)।
ঘ. সাধারণ পরিষদের কপি (নাম, পিতার নাম, এন আই ডি, মোবাইল নম্বর, পেশা, ঠিকানাসহ)।
ঙ. ঋণ গ্রহণের জন্য সমিতি কর্তৃক গৃহীত রেজুলেশন (সভাপতি, সম্পাদক, কোষাধ্যক্ষ কে ক্ষমতা প্রদান)। ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত কার্যনির্বাহী কমিটি ও সাধারন পরিষদের সকলে একক ও সম্মিলিতভাবে ঋণের জন্য দায়ী থাকবে।
চ. ক্লাব/সমিতি নিজস্ব জায়গায় হলে উক্ত জমির দলিলাদির কপি এবং ভাড়াকৃত হলে ভাড়া চুক্তিনামার কপি।
ছ. আনসার ও ভিডিপি সদর দপ্তরের ক্লাব/সমিতি হিসেবে নিবন্ধনের পত্র বা সদর দপ্তর কর্তৃক প্রদত্ত তালিকার কপি।
জ. প্রকল্প নিজস্ব জায়গায় হলে মালিকানা সংক্রান্ত দলিলাদি এবং ভাড়াকৃত হলে চুক্তিনামা দলিল।
ঝ. প্রজেক্ট প্রোফাইল : প্রকল্পের আয়-ব্যয়, লাভ-লোকসানসহ ও সার্বিক বিষয়ে প্রজেক্ট প্রোফাইল দিতে হবে।
ঞ. ক্লাব/সমিতির আয়-ব্যয় ও সম্পদের বিবরণী।
ট. নিজস্ব বিনিয়োগের উৎস সম্পর্কে ঘোষণাপত্র।

চলমান পাতা-০৩

বিবেচ্য বিষয় : আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতির অনুকূলে ঋণ প্রদানের খসড়া নীতিমালা ।

১৮. চার্জ ডকুমেন্টস্ :
ক. ডিপি নোট
খ. লেটার অব হাইপোথিকেশন
গ. লেটার অব গ্যারান্টি
ঘ. লেটার অফ রিভাইভাল
ঙ. ক্ষমতা অর্পণনামা
চ. সভাপতি, সম্পাদক, কোষাধ্যক্ষ/হিসাবরক্ষক কর্তৃক স্বাক্ষরিত যে কোন তফশীলি ব্যাংকের ০২ (দুই) টি চেক।
ছ. লেটার অব ডিসক্লেইমার (প্রযোজ্য ক্ষেত্রে)

১৯. স্ট্যাম্প মূল্যায়ন : প্রচলিত স্ট্যাম্প এ্যাক্ট অনুযায়ী।

২০. ঋণের জামানত :
ক. প্রাথমিক জামানত : প্রকল্প/ব্যবসার যাবতীয় মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশনে থাকবে।
খ. সহজামানত : ঋণের ক্ষেত্রে সহজামানতের প্রয়োজন নাই তবে ৩০০ টাকার স্ট্যাম্পে সংশ্লিষ্ট ক্লাব/সমিতির সভাপতি চলমান পাতা- কোষাধ্যক্ষ/হিসাব রক্ষক এবং আভিকো সোসাইটি কর্তৃক গ্যারান্টি প্রদান করতে হবে।

২১. হিসাবায়ন : কেন্দ্রীয় হিসাব বিভাগ হিসাবায়ন সংক্রান্ত সার্কুলার/পত্র জারী করবেন। সে মোতাবেক হিসাবায়ন সম্পন্ন করতে হবে।

২২. ঋণের সদ্ব্যবহার : প্রদত্ত ঋণে বাস্তবায়িত প্রকল্পের সদ্ব্যবহারের জন্য সমিতির সকল সদস্য দায়ী থাকবেন। শাখা ব্যবস্থাপক এবং উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা যৌথভাবে প্রকল্প তদারকি করবেন। ঋণের সদ্ব্যবহার সংক্রান্ত যাচাই প্রতিবেদন সংশ্লিষ্ট ঋণনথিতে সংরক্ষণ করতে হবে।

**টেবিল-১: প্রস্তাবিত প্রকল্প ঋণের খাত, ঋণের সিলিং, ঋণ পরিশোধের সময়কাল, মুনাফা ও দন্ড মুনাফার হার নিম্নরূপ হবে :**

| প্রকল্পের খাত | ঋণের সিলিং | ঋণ পরিশোধের পদ্ধতি | ঋণ পরিশোধের সময়কাল | মুনাফার হার | দন্ড মুনাফার হার |
|---|---|---|---|---|---|
| **০১. ছোট শিল্প প্রতিষ্ঠান :**<br>ক. রাইস ও ফ্লাওয়ার মিল, গুড়া মশলা মিল,<br>খ. চিংড়া মিল<br>গ. স-মিল<br>ঘ. ছাপাখানা<br>ঙ. তেল মিল<br>চ. সেলাই ও সূচি শিল্প<br>ছ. হাঁস মুরগি/মৎস্য খাদ্য উৎপাদন মিল<br>জ. খাদ্যদ্রব্য প্রক্রিয়াজাতকরণ<br>ঝ. কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ<br>ঞ. চা পাতা উৎপাদন ও বাজারজাতকরণ | সর্বোচ্চ ৩০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০৫ বছর | ১৪% | ২% |
| **০২. যানবাহন :**<br>ক. অটোরিকশা, রিক্সা বা গাড়ীর ছোট ছোট যন্ত্রাংশের দোকান<br>খ. ভ্যান ও রিক্সা | সর্বোচ্চ ০৫.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০৩ বছর | ১৪% | ২% |
| **০৩. মৎস্য চাষ প্রকল্প**<br>ক. মৎস্য খামার, মৎস্য হ্যাচারি<br>খ. জলাধার/পুকুর খনন ও সংস্কারের মাধ্যমে মৎস্য চাষ<br>গ. মৎস্য চাষ | সর্বোচ্চ ১০০.০০ লক্ষ | ষান্মাসিক কিস্তি | ০১ বছর | ১৪% | ২% |
| **০৪. পশু পালন প্রকল্প :**<br>ক. গরু মোটাতাজাকরণ/মহিষ পালন<br>খ. ছাগল/ভেড়া পালন | সর্বোচ্চ ১০০.০০ লক্ষ | ষান্মাসিক কিস্তি | ০১ বছর | ১৪% | ২% |
| **০৫. গবাদিপশু পালন প্রকল্প :**<br>ক. গবাদি পশু ও গাভীপালন/দুগ্ধ খামার | সর্বোচ্চ ১০০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০৪ বছর | ১৪% | ২% |

চলমান পাতা-০৪

বিবেচ্য বিষয় : আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতির অনুকূলে ঋণ প্রদানের খসড়া নীতিমালা।

| প্রকল্পের খাত | ঋণের সিলিং | ঋণ পরিশোধের পদ্ধতি | ঋণ পরিশোধের সময়কাল | মুনাফার হার | দণ্ড মুনাফার হার |
|---|---|---|---|---|---|
| **০৬. পাখি পালন/পোল্ট্রি প্রকল্প :**<br>ক. হাঁস-মুরগি, কবুতর ও কোয়েল পাখি পালন প্রকল্প<br>খ. মৌমাছি পালন ও মধু উৎপাদন<br>গ. পোল্ট্রি (ব্রয়লার/লেয়ার) | সর্বোচ্চ ১০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০২ বছর তবে লেয়ার ঋণে সর্বোচ্চ ০৩ বছর (ব্রয়লার ঋণে প্রতি ৪৫ দিন পর পর ১৬টি সমকিস্তি এবং লেয়ার ঋণে ১২-৩৬ মাসে পরিশোধযোগ্য) | ১৪% | ২% |
| **০৭. কৃষি খামার প্রকল্প :**<br>ক. ধান, গম,ভূট্টাসহ অন্যান্য যে কোন ফসল উৎপাদন<br>খ. আলু চাষ, সজি উৎপাদন, ফল বাগান, ফুলের চাষ, নার্সারি, পান চাষ, বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিপণন এবং লবণ চাষ প্রক্রিয়াকরণ | সর্বোচ্চ ২০.০০ লক্ষ | ষান্মাসিক কিস্তি | সর্বোচ্চ ০১ বছর (বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট নরমস অনুযায়ী) | ১৪% | ২% |
| **০৮. গ্রামীণ শিল্প :**<br>ক. হস্ত চালিত তাঁত, জাল বুনন, মৃৎশিল্প<br>খ. হস্ত শিল্প মাদুর, পার্টি, বেত ও বাঁশ শিল্প<br>গ.জ্যাম,জেলি,আচার ও দানাদার খাদ্য উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ ইত্যাদি<br>ঘ. শীতল পার্টি বুনন ও বাজারজাতকরণ | সর্বোচ্চ ১০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০৩ বছর | ১৪% | ২% |
| **০৯. ক্ষুদ্র ব্যবসা :**<br>ক. ওষুধের দোকান ও মুদি দোকান<br>খ. সার ও কীটনাশক ব্যবসা, ডিজেল ও মবিল ব্যবসা, ডেকোরেশন ব্যবসা<br>গ. হোটেল ব্যবসা<br>ঘ. গৃহস্থালি সামগ্রী ব্যবসা ইত্যাদি | সর্বোচ্চ ৫০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০৪ বছর | ১৪% | ২% |
| **১০. কৃষি যন্ত্র :**<br>ক.পাওয়ার ট্রিলার/পাম্প অগভীর নলকূপ, মাড়াই যন্ত্র, কীটনাশক, স্প্রে যন্ত্র, উইডার, সেচনালা ও কৃষি ক্ষেত্রে ব্যবহার্য ছোট ছোট যন্ত্রাংশ, হারভেস্টিং যন্ত্র | সর্বোচ্চ ৩০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০৪ বছর | ১৪% | ২% |
| **১১. কারিগরি :**<br>ক. মোটর মেরামত গ্যারেজ, ওয়েল্ডিং কারখানা, স্টিলের আসবাবপত্র তৈরির কারখানা, কাঠের আসবাবপত্র তৈরির কারখানা, ইলেকট্রিক্যাল ব্যবসা ইত্যাদি। | সর্বোচ্চ ২০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০৪ বছর | ১৪% | ২% |
| **১২. আই,টি খাত ছোট পরিসরে :**<br>ক. কম্পিউটার প্রশিক্ষণ, কম্পিউটার সার্ভিসিং সেন্টার, মোবাইল ফোন সার্ভিসিং সেন্টার ও ফটোকপি ব্যবসা এবং যে কোন আইটি ব্যবসা | সর্বোচ্চ ২০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০৪ বছর | ১৪% | ২% |
| **১৩. শক্তি :**<br>ক. বায়োগ্যাস প্লান্ট, জৈব সার উৎপাদন, সৌর বিদ্যুৎ প্রকল্প | সর্বোচ্চ ১০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০২ বছর | ১৪% | ২% |
| ১৪. উৎপাদনশীল ও আয়বর্ধক যেকোনো ধরনের কৃষি/ অকৃষি/ অপ্রচলিত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ প্রকল্প | সর্বোচ্চ ৩০.০০ লক্ষ | মাসিক কিস্তি | সর্বোচ্চ ০৫ বছর | ১৪% | ২% |

**টেবিল-২: প্রস্তাবিত ব্যবসায় নগদ ঋণ/চলতি মুলধন এর আওতায় অর্থায়ন নিম্নোক্ত টেবিল অনুযায়ী হবে :**

| | | |
|---|---|---|
| ১. | খাত: | উৎপাদনশীল ও আয়বর্ধক যেকোনো ধরনের পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ চলমান প্রকল্প |
| ২. | সমন্বয় চক্র নির্ধারণ: | ব্যবসায় নগদ ঋণ/চলতি মুলধন বাবদ প্রদত্ত ঋণ একটি নির্দিষ্ট সময়কালের মধ্যে সমন্বয় করার শর্ত মঞ্জুরীপত্রে উল্লেখ করতে হবে। অর্থ্যাৎ ব্যবসায়িক প্রতিষ্ঠান ক্যাশ টাকা বিনিয়োগ করে যে সময়কালের মধ্যে বিক্রয়/বিপণন করে মূল্য ফেরত পায় সে সময় অনুযায়ী সমন্বয়চক্র নির্ধারণ করতে হবে। যেদিনের মধ্যে সমন্বয় করতে বলা হয় তার অর্থ এই নয় যে ঋণগ্রহীতাকে উক্ত ঋণের সমুদয় টাকা ঐ দিনের মধ্যে পরিশোধ করতে হবে। তা করতে হলে ব্যবসায় নগদ ঋণ/চলতি মুলধন এর মাধ্যমে উৎপাদিত/সংগৃহিত সমুদয় পণ্য বিক্রি করতে হবে যা বাস্তবসম্মত নয়। ঋণ হিসাবে মোট ক্রেডিট সামেশনকে মোট ব্যবসায় নগদ ঋণ/চলতি মুলধনঋণ সীমা দিয়ে ভাগ করে যে সংখ্যা পাওয়া যাবে, তার সাথে মঞ্জুরিপত্রে প্রদত্ত সমন্বয় চক্রের তুলনা করা। |

চলমান পাতা-০৫

**বিবেচ্য বিষয় : আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্লাব/সমিতির অনুকূলে ঋণ প্রদানের খসড়া নীতিমালা ।**

| | | |
|---|---|---|
| | | উদাহরণঃ কোন প্রকল্প/ব্যবসায়িক কর্মকান্ডে ১.০০ কোটি টাকা ৬০ দিনের সমন্বয়চক্রে মঞ্জুর করা হলে তার সন্তোষজনক সমন্বয়চক্র হবে ৬ বার। এক বছর ঐ ঋণ সুবিধা ভোগ করে মোট ক্রেডিট সামেশন যদি ৭.০০ কোটি টাকা হয় তখন এ প্রকল্পের সমন্বয় চক্র হবে ৭.০০ কোটি/১.০০ কোটি =৭ বার।<br>সুতরাং বিতরণকৃত ঋণ ব্যবসার ধরণ ও পণ্যের প্রকৃতি অনযায়ী ৩০দিন/৪৫দিন/ ৬০ দিন/ ৯০ দিন/১২০ দিন/ ১৮০ দিন ইত্যাদি চক্রে সমন্বয়যোগ্য হবে! |
| ৩. | নবায়ন : | ক) ঋণ নবায়নের প্রস্তাব ভোগকৃত ঋণের মেয়াদ পূর্তির ১ (এক) মাস পূর্বে গ্রহণ করতে হবে;<br>খ) মঞ্জুরীকৃত ব্যবসায় নগদ ঋণ/চলতি মুলধন হিসাবের লেনদেন সমন্বয় চক্র মোতাবেক সন্তোষজনকভাবে পরিচালিত না হলে ঋণসীমা বর্ধিতকরণ করা যাবে না তবে নবায়ন করা যাবে।<br>গ) শুধুমাত্র ঋণের সুদের অর্থ পরিশোধ করে ঋণটি নবায়নের জন্য আবেদন করা যাবে।<br>ঘ) ঋণগ্রহীতার ঋণ নবায়নের ক্ষেত্রে কখনোই ঋণগ্রহীতার ঋণ হিসাব শূন্য করা যাবে না।<br>ঙ) প্রকল্প চলমান ও লাভজনক থাকা সাপেক্ষে পরবর্তী বছরে পূর্ববর্তী বছরের আহরণ সীমা পর্যন্ত নিম্নোক্তভাবে ঋণ নবায়ন করা যাবে: |

| মঞ্জুরকারী/অনুমোদনকারী কর্তৃপক্ষ | নবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|
| ১) আঞ্চলিক ব্যবস্থাপক | ১) শাখা ব্যবস্থাপক |
| ২) উপমহাব্যবস্থাপক/বিভাগ প্রধান (ঋণ ও অগ্রিম বিভাগ) | ২) আঞ্চলিক ব্যবস্থাপক |
| ৩) মহাব্যবস্থাপক, অপারেশন মহাবিভাগ | ৩) উপমহাব্যবস্থাপক/বিভাগ প্রধান (ঋণ ও অগ্রিম বিভাগ) |
| ৪) উপব্যবস্থাপনা পরিচালক | ৪) মহাব্যবস্থাপক, অপারেশন মহাবিভাগ |
| ৫) ব্যবস্থাপনা পরিচালক | ৫) উপব্যবস্থাপনা পরিচালক |